BAPEX

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## ২০২৬ সালের এপ্রিল মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৭.০৪.২০২৬
সময় : দুপুর ২.০০টা
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম, লেভেল-৬, বাপেক্স ভবন, ঢাকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে সভাপতি স্বাগত জানান। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | কোম্পানি সচিব সভার শুরুতে মার্চ ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক কার্যবিবরণীর বিষয়ে কোনো মতামত বা সংশোধনের প্রয়োজন আছে কিনা তা জানতে চান। কোনো মতামত ও সংশোধন না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে উপস্থিত কর্মকর্তাগণ একমত প্রকাশ করেন। | মার্চ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ভূমি হুকুমদখলের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না পাওয়ায় ভূমি হুকুমদখল কাজ শুরু করা যায়নি। প্রকল্প ব্যবস্থাপক সভায় জানান, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ভূমি হুকুমদখলের জন্য ছাড়পত্রের বিষয়টি পরিবেশ অধিদপ্তরের পর্ষদ সভায় অনুমোদিত হয়েছে। অধিদপ্তর হতে ভূমি হুকুমদখলের যৌক্তিকতা তুলে ধরে একটি Presentation প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে এবং আগামী ২৯.০৪.২০২৬ Presentation প্রদানের তারিখ ধার্য করা হয়েছে। | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করে দ্রুত ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প ব্যবস্থাপক |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান, চুক্তির শর্তানুযায়ী প্রসেস প্ল্যান্ট স্থাপনের বিষয়ে ঠিকাদারকে পত্র প্রেরণ করা হয়েছে এবং গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের Design and Drawing প্রস্তুতের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। একটি ৩০০ মি. দৈর্ঘ্যের HDD সম্পন্ন করা হয়েছে। তিনি আরো জানান, ইলিশা গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনে ভূমির মালিক ক্ষতিপূরণ না পাওয়ায় কাজে বাধা প্রদান করে; পরবর্তীতে ভূমির মালিকের সাথে আলোচনা করে লাইন স্থাপন কাজ পুনরায় চালু করা হয়েছে। জরুরি ভিত্তিতে ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপনের | ১। প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে এবং প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে তা সম্পন্ন করতে হবে।<br>২। ইপিসি ঠিকাদার এর নিকট থেকে প্রসেস প্ল্যান্ট ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট এর সময়াবদ্ধ পরিকল্পনা চেয়ে পত্র প্রেরণ করতে হবে। | ১। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জন্য ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা না গেলে নির্ধারিত সময়ের মধ্যে গ্যাস গ্যাদারিং লাইন স্থাপন করা চ্যালেঞ্জিং হবে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, বাপেক্স পরিচালক পর্ষদের ৫১৬তম সভায় ইলিশা-১ কূপ এলাকার ভূমি অধিগ্রহণের জন্য ক্ষতিপূরণ পরিশোধের বিষয়টি অনুমোদিত হয়েছে। আগামী ৭ দিনের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা বরাবর চেক প্রেরণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক ইপিসি ঠিকাদার এর নিকট থেকে প্রসেস প্ল্যান্ট ও সংশ্লিষ্ট মালামাল শিপমেন্ট এর সময়াবদ্ধ পরিকল্পনা চেয়ে পত্র প্রেরণের পরামর্শ প্রদান করেন। এছাড়াও ভূমি অধিগ্রহণ ও পূর্ত কাজ দ্রুততার সাথে শুরু এবং নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্প আবশ্যিকভাবে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। | ৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকিপূর্বক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য পূর্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) জানান, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রকল্পের ডিপিপি পুনর্গঠনপূর্বক পুনরায় পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ হতে লিকুইডিটি সার্টিফিকেট প্রাপ্তির বিষয়টি প্রক্রিয়াধীন। উক্ত বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত আছে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় অবহিত করেন, বাপেক্স-এর জন্য একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। উক্ত কমিটি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বাপেক্স-এর ৪টি রিগ একসাথে পরিচালনার বিষয়টি বিবেচনায় নিয়ে বিভিন্ন বিভাগ হতে জনবলের প্রস্তাব গ্রহণপূর্বক একটি খসড়া সাংগঠনিক কাঠামো প্রস্তুত করেছে। বর্তমানে সাংগঠনিক কাঠামো প্রস্তুত করার লক্ষ্যে চূড়ান্ত যাচাই-বাছাই কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের ডিপিপি অনুমোদনের সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়া, প্রয়োজনীয়তার নিরিখে বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয় প্রকল্পের ডিপিপির বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) এবং<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| | | | ২। প্রয়োজনীয়তার নিরিখে বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | প্রকল্প পরিচালক সভায় জানান, "৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন" শীর্ষক প্রকল্পের আওতায় আহবানকৃত দরপত্রের বিপরীতে সুপারিশকৃত দরদাতাকে NoA প্রদান এবং চুক্তি স্বাক্ষরের বিষয়টি পরিচালক পর্ষদের ৫১২তম সভার সিদ্ধান্ত মোতাবেক পেট্রোবাংলার মাধ্যমে | ১। CCGP-এর অনুমোদন অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে NOA প্রদান করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | | ২। ভূমি হুকুমদখল প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের | ১। প্রকল্প পরিচালক · (সংশ্লিষ্ট প্রকল্প) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। গত ৩০.০৪.২০২৬ তারিখে সরকারি ক্রয় সংকান্ত মন্ত্রিসভা কমিটির (CCGP) সভায় ক্রয় প্রস্তাবটি অনুমোদিত হয়েছে বলে তিনি সভায় অবহিত করেন। তিনি আরো জানান, কূপ খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে শ্রীকাইল ডিপ-১ খনন এবং ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের ভূমি হুকুমদখল এবং পূর্ত কাজ চলমান আছে। মোবারকপুর ডিপ-১ কূপ খননের লক্ষ্যে পাবনা জেলা প্রশাসকের সাথে সাক্ষাৎপূর্বক সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হয়েছে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, কূপ খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে শ্রীকাইল ডিপ-১ খনন এলাকার রাস্তা ও কূপ খনন এলাকার মাটি ভরাট কাজ চলমান আছে। এছাড়া, ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের ভূমি সংক্রান্ত বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং পূর্ত কাজের জন্য দরপত্র আহবান করা হয়েছে। তিনি আরও জানান যে, বর্তমানে বাপেক্স-এর বিভিন্ন কূপ খননের ভূমি হুকুমদখল ও অধিগ্রহণের লক্ষ্যে ১০টি জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে কাজ চলমান আছে। বাপেক্স-এর পর্যাপ্ত সার্ভেয়ার না থাকায় যথাসময়ে ভূমি হুকুমদখল ও অধিগ্রহণ কাজ সম্পন্ন করা কষ্টসাধ্য হচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য তিনি জরুরি ভিত্তিতে সার্ভেয়ার নিয়োগের অনুরোধ জানান। ব্যবস্থাপনা পরিচালক CCGP-এর অনুমোদন অনুযায়ী ঠিকাদারকে NoA প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। কূপ খননের প্রস্তুতির লক্ষ্যে CCDC যন্ত্রপাতি ও ইক্যুইপমেন্টসহ আগমনের পূর্বেই রাস্তা ও সাইট প্রস্তুত রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়া, বাপেক্স-এর সুষ্ঠু কাজের স্বার্থে প্রয়োজনীয়তার নিরিখে সার্ভেয়ার নিয়োজনের বিষয়টি বিবেচনার পরামর্শ প্রদান করেন। | কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩। বাপেক্স-এর সুষ্ঠু কাজের স্বার্থে প্রয়োজনীয়তার নিরিখে ডিপিতে সার্ভেয়ার নিয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br><br>১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প পরিচালকবৃন্দ, বাপেক্স |
| ৬। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ হাসান লতিফ জানান, '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে ডিপিপি পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পুনর্গঠন করে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। লিক্যুইডিটি সার্টিফিকেট ইস্যুর জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন। তিনি আরো বলেন, BPPA ওয়েবসাইটে দরপত্রের জন্য প্রয়োজনীয় Document Upload না হওয়ায় সৃষ্ট জটিলতার বিষয়টি অবহিত করে পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের নিকট পত্র প্রেরণ করা | ১। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপির বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের মালামাল ক্রয়ের লক্ষ্যে পর্ষদ সভায় উপস্থাপনের জন্য কার্যপত্র প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়েছে এবং PG-4 Tender Document তৈরির বিষয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল করা হবে। BPPA-এর ওয়েবসাইটে Document Upload না হওয়ায় বর্ণিত প্রকল্পের মালামাল ক্রয়ের লক্ষ্যে ই-জিপিতে আন্তর্জাতিক দরপত্র আহবান করলে ক্রয় প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা তৈরি হতে পারে এবং এ কারণে BPPA-এ হতে অফলাইনে দরপত্র আহবান করার অনুমোদন নেয়া সমীচীন হবে বলে তিনি অভিহিত করেন। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) সভাকে জানান, অফলাইনে আন্তর্জাতিক দরপত্র আহবানের জন্য BPPA-এ হতে অনুমোদন গ্রহণের প্রক্রিয়া চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক BPPA-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার এবং অফলাইনে আন্তর্জাতিক দরপত্র আহবানের বিষয়ে অনুমোদন গ্রহণের পরামর্শ প্রদান করেন। এছাড়াও, '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের মালামাল ক্রয়ের জন্য পর্ষদ সভায় উপস্থাপনের লক্ষ্যে একটি কার্যপত্র প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | ৩। Document Upload না হওয়ায় এ বিষয়ে BPPA-কে পত্র প্রদানসহ সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে এবং দ্রুততম সময়ের মধ্যে টেন্ডার ডকুমেন্ট তৈরি করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৭। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, চলতি দায়িত্ব) জানান, বাপেক্স-এর বর্তমানে মোট ৩০৪টি (Non-SFI ৬৩টি, SFI ২১৭টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। গত ০১.১২.২০২৫ তারিখে ১২টি SFI (অগ্রিম) নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। দ্বিপক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য ৩টি কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। মন্ত্রণালয় ও বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া ১৬টি SFI (অগ্রিম) নিরীক্ষা আপত্তির ব্রডশিট জবাব পেট্রোবাংলা এবং বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে এবং পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বাপেক্স-এর অডিট আপত্তিসমূহের ২০০০ সাল পর্যন্ত ৬টি SFI (অগ্রিম) এবং ২টি Non-SFI (সাধারণ) আপত্তির ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে। ফলশ্রুতিতে, দ্রুততম সময়েরর মধ্যে প্রায় ৭-৮টি অডিট আপত্তি নিষ্পত্তি হবে বলে আশা করা যায়। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স-এর আর্থিক শৃঙ্খলা, ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত বিধিবিধান এর বিষয়ে দপ্তর আদেশ জারি করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, ইতোমধ্যে এ সংক্রান্ত একটি দপ্তর আদেশ জারি করা রয়েছে। তিনি আরও বলেন, বাপেক্স-এর দরপত্র মূল্যায়ন কমিটিতে অন্তর্ভুক্ত বহিঃসদস্যগণ আরও সক্রিয় হলে মূল্যায়ন প্রতিবেদনের মান | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা হ্রাস করতে হবে।<br>২। বাপেক্স-এর দরপত্রসমূহের মূল্যায়ন যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br>৩। বাপেক্স-এর দরপত্র মূল্যায়ন কমিটিতে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। সকল মহাব্যবস্থাপক<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়)<br>৩। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বহুগুণ বৃদ্ধি পাবে। এক্ষেত্রে যে সকল মূল্যায়ন কমিটির বহিঃসদস্য দীর্ঘদিন যাবৎ অন্তর্ভুক্ত আছে তাদের পরিবর্তে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করা প্রয়োজন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান ও ব্রডশিট জবাব প্রদানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা কমানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি অডিট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়াও, দরপত্র মূল্যায়ন যথাযথভাবে সম্পাদন এবং বাপেক্স-এর দরপত্র মূল্যায়ন কমিটিতে নতুন বহিঃসদস্য অন্তর্ভুক্ত করার বিষয়টি যাচাই-বাছাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |
| ৮। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান, রূপগঞ্জ-১ কূপে প্রায় ৪০৮১ মি. খনন কাজ সম্পন্ন হয়েছে। আরও ৪০ মি. খননের সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রয়োজনীয় কেমিক্যাল ও অন্যান্য মালামাল সংগ্রহের কাজ চলমান আছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়। তিনি আরও বলেন যে, রূপগঞ্জ-১ কূপে গ্যাস উৎপাদন জোনে ক্যালসিয়াম কার্বনেটের উপস্থিতি পাওয়া গেছে; সেই জোনে পরবর্তীতে গ্যাস উৎপাদনের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সঠিক দিক-নির্দেশনা প্রদান করা অতীব জরুরি। ব্যবস্থাপনা পরিচালক রূপগঞ্জ-১ কূপ হতে উত্তোলিত টিউবিংয়ে ক্যালসিয়াম কার্বনেটের উপস্থিতির বিষয়টি খতিয়ে দেখার লক্ষ্যে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান, বর্ণিত বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন আগামী ৩০.০৪.২০২৬ তারিখের মধ্যে দাখিল করা হবে। তিনি আরও জানান, বর্তমানে কমিটি শুধুমাত্র একটি Sample নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন তৈরির কাজ করছে। তবে, বেশি Sample নিয়ে যাচাই-বাছাই করা হলে প্রতিবেদনটি আরও সমৃদ্ধ হবে। প্রকল্প পরিচালক জনাব শাহ মোঃ সিরাজুস সালেকিন বলেন, অনবরত গ্যাস প্রবাহ বিদ্যমান থাকলে ক্যালসিয়াম কার্বনেটজনিত সংশ্লিষ্ট সমস্যা এড়ানো সম্ভব। প্রকল্প ব্যবস্থাপক ড. কাজী ফায়েজ আলম বলেন সাধারণত Static Condition-এ ক্যালসিয়াম কার্বনেট সংক্রান্ত সমস্যার উদ্ভব হয়। বিরতিহীনভাবে গ্যাস প্রবাহ নিশ্চিত করা গেলে কোন অসুবিধা হবে না বলে আশা করা যায়। উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ড. মোঃ আশিক হোসেন বলেন, কমিটি হয়তো ক্যালসিয়াম কার্বনেট উপস্থিতির কারণ প্রতিবেদনে উল্লেখ করবে; তবে সেটি কীভাবে | ১। দ্রুত রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করতে হবে।<br><br>২। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার চলাকালীন উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগকে পূর্ব প্রস্তুতি নিয়ে রাখতে হবে।<br><br>৩। রূপগঞ্জ-১ কূপ হতে উত্তোলিত টিউবিংয়ে ক্যালসিয়াম কার্বনেটের উপস্থিতির বিষয়টি যথাযথভাবে খতিয়ে দেখে কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। ডিআইসি, রূপগঞ্জ-১ কূপ ওয়ার্কওভার, বাপেক্স<br><br>১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৩। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৪। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৫। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br><br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সমাধান করা হবে সেটির সমাধান উল্লেখ করলে ভালো হবে। এ কারণে বিষয়টি আরও বিশদভাবে খতিয়ে দেখা প্রয়োজন। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক রূপগঞ্জ-১ কূপ হতে উত্তোলিত টিউবিং এ ক্যালসিয়াম কার্বনেটের উপস্থিতির বিষয়টি যথাযথভাবে খতিয়ে দেখে কমিটির প্রতিবেদন দাখিল করার পরামর্শ প্রদান করেন। এছাড়া, দ্রুত রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন এবং ওয়ার্কওভার কাজ চলাকালীন উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে ওয়ার্কওভার সংশ্লিষ্ট সকল পূর্ব প্রস্তুতি গ্রহণের পরামর্শ প্রদান করেন। | | |
| ০৯। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান, ওয়ার্কওভার কার্যক্রম চলমান আছে। Well Copletion Operation সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল দ্রুত সংগ্রহের জন্য তিনি বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস)-কে অনুরোধ করেন। এ পর্যায়ে বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস) জানান, বর্ণিত বিষয়ে নাইট্রোজেন সংগ্রহের জন্য ক্রয়াদেশ ইস্যু করার কাজ প্রক্রিয়াধীন রয়েছে। আগামী ১০.০৫.২০২৬ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক সেমুতাং-৬ কূপে Well Completion Operation সম্পন্ন করে দ্রুত ওয়ার্কওভার সম্পন্ন করা, পরবর্তীতে রিগটি কোথায় স্থানান্তর করা হবে এবং চ্যালেঞ্জ সম্পর্কে সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। সেমুতাং-৬ কূপে Well Completion সম্পন্ন করে দ্রুত ওয়ার্কওভার সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস)<br>৩। ডিআইসি, সেমুতাং-৬ কূপ ওয়ার্কওভার |
| | | | ২। রিগটি পরবর্তীতে কোথায় স্থানান্তর করা হবে এবং চ্যালেঞ্জসমূহের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১০। | সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার এবং সুন্দলপুর-৪ কূপ খনন | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান, বিয়ানীবাজার-২ ওয়ার্কওভার শেষে সুন্দলপুর-৪ কূপ খননের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ স্থানান্তর কাজ চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক সুন্দলপুর-৪ কূপ খননের লক্ষ্যে কত তারিখের মধ্যে আইপিএস কার্ডওয়েল রিগ কমিশনিং করা যাবে জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান, আগামী ১৫.০৫.২০২৬ তারিখের মধ্যে রিগ উত্তোলনের শিডিউল নির্ধারণ করা হয়েছে। রিগ উত্তোলন শেষে দ্রুততম সময়ে রিগ কমিশনিং করা যাবে। মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভাকে আরও জানান, বাপেক্স-এর মালামাল/যন্ত্রপাতি আনা-নেয়ার জন্য ব্যবহৃত গাড়ীসমূহের মধ্যে কিছু চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় এবং কিছু প্রকল্পের মাধ্যমে এ মেরামত করায় সমন্বয়হীনতা পরিলক্ষিত হচ্ছে। তিনি সমন্বয়হীনতার কারণে সম্প্রতি রূপগঞ্জে একটি ট্রেইলার নষ্ট হয়ে মেরামতহীন অবস্থায় পড়ে থাকার বিষয়টি উল্লেখ করেন। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় | ১। সুন্দলপুর-৪ কূপের খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | | ২। সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন) |
| | | | ৩। বাপেক্স এর সুষ্ঠু কাজের স্বার্থে রূপগঞ্জে নষ্ট হওয়া ট্রেইলারটি মেরামতের জন্য দ্রুত প্রাক্কলন তৈরি এবং নথি উত্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স।<br>২। উপমহাব্যবস্থাপক, সেন্ট্রাল অটোমোবাইলস, ইলেকট্রিক্যাল |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জানান, রূপগঞ্জে নষ্ট হওয়া ট্রেইলারটি মেরামতের জন্য চেষ্টা করা হয়েছে; কিন্তু বাপেক্সের নিজস্ব মেকানিকের মাধ্যমে তা সম্ভব হয়নি। বর্ণিত ট্রেইলারটি মেরামতের লক্ষ্যে প্রাক্কলন তৈরি এবং নথি উত্থাপন করা প্রক্রিয়াগত কারণে সময়সাপেক্ষ হওয়ায় তিনি প্রকৌশল বিভাগের মাধ্যমে মেরামতের জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স-এর সুষ্ঠু কাজের স্বার্থে রূপগঞ্জে নষ্ট হওয়া ট্রেইলারটি মেরামতের জন্য নথি উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (খনন) জানান, মেঘনা-১ কূপ খননের লক্ষ্যে রিগ স্থানান্তর কাজে রিগ স্থানান্তরে রাস্তার বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট বিভাগকে পূর্ব প্রস্তুতি গ্রহণের অনুরোধ করেন। উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) জনাব মোঃ আশরাফুল আলম জানান, মেঘনা-১ কূপ খননের লক্ষ্যে মালামাল সুষ্ঠুভাবে পরিবহনের জন্য বাপেক্স ও বিজিএফসিএল-এর কর্মকর্তাগণের সমন্বয়ে ইতোমধ্যে যৌথ সার্ভে করা হয়েছে। মেঘনা-১ কূপ খনন এলাকায় যাওয়ার জন্য নৌপথে ৩টি জেটি আছে যা খুবই ঝুঁকিপূর্ণ এবং সড়ক পথে অনেক বাঁক থাকায় সংস্কার করা অত্যন্ত ব্যয়বহুল বলে প্রতীয়মান হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বর্ণিত বিষয়ে বিজিএফসিএল বরাবর একটি পত্র প্রেরণ করার এবং ওয়ার্কওভার/খননের সাথে সংশ্লিষ্ট বিভাগসমূহকে পূর্ব প্রস্তুতি গ্রহণের পরামর্শ প্রদান করেন। তিনি সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের বিষয়টি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করার বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) সভাকে অবহিত করেন, সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের লক্ষ্যে Scope of Work বিষয়ে খনন বিভাগে ইতোমধ্যে একটি পত্র প্রেরণ করা হয়েছে। মহাব্যবস্থাপক (খনন) জানান, সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগে মালামালের প্রাক্কলন প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। মতামতের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া, সুন্দলপুর-৪ কূপের খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | ওয়ার্কশপ এন্ড সেন্ট্রাল মেশিনশপ উপবিভাগ, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স। |
| | | | ৪। মেঘনা-১ কূপ খনন এলাকার ছোট/সংকীর্ণ রাস্তার বিষয়টি বিবেচনায় নিয়ে ওয়ার্কওভার/খননের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগসমূহকে পূর্ব প্রস্তুতি নিয়ে রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৪। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৫। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) |
| | | | ৫। মেঘনা-১ কূপ খনন এলাকার ছোট/সংকীর্ণ রাস্তা সংস্কারের বিষয়ে বিজিএফসিএল বরাবর একটি পত্র প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১১। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, বাপেক্স ভবনের ছাদে Thunder Arrester স্থাপন কাজ প্রক্রিয়াধীন আছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়। উপমহাব্যবস্থাপক (সেবা) | ১। বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ড প্রতিরোধে নিয়মিত তদারকি ও | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জানান, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকাণ্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আগামী ০৫.০৫.২০২৬ তারিখ বাংলাদেশ সিভিল ডিফেন্স এন্ড ফায়ার সার্ভিসের সহযোগিতায় বাপেক্স ভবনে একটি ফায়ার ড্রিল সম্পাদন করা হবে। তিনি আরও জানান, বাপেক্স এর ল্যাবরেটরিতে সম্প্রতি অনাকাঙ্ক্ষিতভাবে একটি অগ্নিকাণ্ড ঘটেছে যা বিদ্যমান Fire Extinguisher ব্যবহার করে নিয়ন্ত্রণ করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন, বাপেক্স-এর ল্যাবরেটরির অগ্নিকাণ্ড বড় কোন দুর্ঘটনা ছাড়া নিয়ন্ত্রণ করতে সক্ষম হবার বিষয়টি প্রশংসনীয়। তবে অগ্নিকাণ্ডের মূল কারণ উদঘাটনপূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণ করা আরও জরুরি। মহাব্যবস্থাপক (প্রশাসন) বাপেক্স ভবনের সকল ফ্লোর সরেজমিন পরিদর্শনপূর্বক ইলেকট্রিক্যাল সোর্সগুলো পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার উপর গুরুত্ব আরোপ করেন। বাপেক্স ভবনের ইলেকট্রিক্যাল সোর্সগুলো পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য একটি কমিটি গঠনের বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়।<br>মহাব্যবস্থাপক (নির্মাণ) বাপেক্স ভবনের লিফটে যান্ত্রিক ক্রুটির কারণে দীর্ঘসময় আবদ্ধ থাকার কথা সভায় অবহিত করে। তিনি বাপেক্স এর কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে লিফটসমূহ জরুরি ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করেন। ব্যবস্থাপক (সেবা) জানান, বাপেক্স ভবনের লিফট যান্ত্রিক ক্রুটির বিষয়ে Creative Engineering Ltd.-কে অবহিত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের প্রকৌশলীরা যান্ত্রিক ক্রুটির কারণ নিরুপণ করেছেন এবং প্রয়োজনীয় সংস্কার কাজ প্রক্রিয়াধীন রয়েছে। | সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | | ২। বাপেক্স ভবনের ছাদে Thunder Arrester স্থাপন কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>৩। বাপেক্স এর কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে লিফটসমূহ দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | | ৪। বাপেক্স ভবনের ইলেকট্রিক্যাল সোর্সগুলো পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে:<br>(১) ড. মোঃ আব্দুস ছালাম, উপমহাব্যবস্থাপক (এইচএসই)-আহবায়ক<br>(২) মোঃ শাহরিয়ার বারী, উপমহাব্যবস্থাপক (প্রকৌশল)-সদস্য<br>(৩) মুহম্মদ জহিরুল ইসলাম, উপমহাব্যবস্থাপক (সেবা)-সদস্য<br>(৪) তারেক আহমদ, উপমহাব্যবস্থাপক (নির্মাণ)<br>(৫) মোঃ কামরুল হাসান শোভন, উপমহাব্যবস্থাপক (প্রকৌশল)-সদস্য সচিব | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ১২। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ। | ১২.১। মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) জানান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে মালামাল ও যন্ত্রপাতি সংশ্লিষ্ট Store Management Software হালনাগাদ/Restore সম্পন্ন হয়েছে এবং নতুন একটি Store Management Software প্রস্তুত করা হয়েছে। তবে, ২০১৯ সালের পর কোন ডাটা Recover করা সম্ভব হয়নি। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান, বাপেক্স-এর আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষিত মালামাল ও যন্ত্রপাতির ২০১৯ সালের পর কোন Back up না থাকায় Index নম্বর রেকর্ডে অসুবিধা হচ্ছে। তবে, ম্যানুয়ালি MRR তৈরির কাজ চলমান আছে। যেসব ডাটা Loss হয়েছে সেটি ম্যানুয়ালি ইনপুট দেয়া গেলে Store | ১। বাপেক্সের Store Management Sotfware দ্রুততম সময়ের মধ্যে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| | | | ২। MRR/Index নম্বর নির্ভুলভাবে রেকর্ড করতে হবে। | ১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | Management Software-টি পুরোপুরি Update করা সম্ভব হবে বলে তিনি সভায় অবহিত করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) বাপেক্স এর Store Management Software-এ Inventory Value অন্তর্ভুক্ত করা হলে আরও সমৃদ্ধ হবে বলে সভাকে অবহিত করেন। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স-এর Store Management Software দ্রুততম সময়ের মধ্যে হালনাগাদসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন এবং MRR নির্ভুলভাবে করার পরামর্শ প্রদান করেন। | | |
| | | ১২.২। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় জানান, আঞ্চলিক কার্যালয়, বাপেক্স-এ সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে গত ১২.০৪.২০২৬ তারিখে দরপত্র আহবান করা হয়েছে। এছাড়াও, নেট মিটারিং স্থাপনের বিষয়ে পাহাড়তলীতে অবস্থিত একটি বিদ্যুৎ কোম্পানির সাথে যোগাযোগ করা হয়েছে। প্রতিষ্ঠানটি চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সোলার প্যানেল স্থাপনে সার্বিক সহযোগিতা করা হবে মর্মে আশ্বস্ত করেছে। এছাড়াও উক্ত বিদ্যুৎ কোম্পানি বাপেক্স হতে একটি Authorization Letter প্রেরণের জন্য অনুরোধ করেছে। ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় হতে স্থানীয় বিদ্যুৎ কোম্পানি বরাবর Authorization Letter প্রেরণের পরার্মশ প্রদান করেন এবং দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপনের কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপন করতে হবে।<br>২। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় হতে স্থানীয় বিদ্যুৎ কোম্পানি বরাবর Authorization Letter প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |
| | | ১২.৩। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান, আইনি মতামত গ্রহণপূর্বক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে গত ০৭.১০.২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে পেট্রোবাংলার সাথে এ বিষয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত আছে। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব সভায় জানান, Niko সংক্রান্ত মামলার রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নিরলসভাবে কাজ করা হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ রাখা এবং নাইকো সংক্রান্ত সমস্ত ডকুমেন্টস সংরক্ষণ এবং উক্ত মামলার রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। Niko সংক্রান্ত সমস্ত ডকুমেন্টস সংরক্ষণ এবং উক্ত মামলার রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>১। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১২.৪। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান, বাপেক্স-এর বিভিন্ন প্রকল্পের মালামাল/যন্ত্রপাতি আমদানিকালে Pre-Shipment Inspection (PSI) যথাযথভাবে সম্পাদন করার লক্ষ্যে কর্মরত PSI প্রতিষ্ঠানের পাশাপাশি নতুন একটি PSI প্রতিষ্ঠান নিয়োজনের লক্ষ্যে বিভিন্ন উপবিভাগের মতামত গ্রহণ করা হয়েছে। ভবিষ্যত জটিলতা এড়ানো লক্ষ্যে নতুন PSI প্রতিষ্ঠান নিয়োজনের বিষয়টি আরও যাচাই-বাছাই করা হচ্ছে। | ১। নতুন PSI প্রতিষ্ঠান নিয়োজন করা উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| | | ১২.৫। মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান, বাপেক্স ভবনের ১২ তলার উপরে আরো কয়েকটি ফ্লোর নির্মাণ করার মাধ্যমে নবযোগদানকৃত ৬৯ জন কর্মকর্তাগণের বসার স্থান (Workstation) তৈরির জন্য গঠিত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। কমিটির প্রতিবেদনের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবন ১২ তলার উপরে আরো কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল এবং বিভিন্ন বিভাগের চাহিদা অনুযায়ী বাপেক্স-এর বিদ্যমান সাংগঠনিক কাঠামোর আলোকে কর্মকর্তাগণকে পদায়নের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনে ১২ তলার উপরে কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)-ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৪/২৫

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ............................................................ বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................................ বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক ........................................ বাপেক্স।
৪) অফিস কপি।

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড

২৭-০৪-২০২৬ তারিখে অনুষ্ঠেয় মাসিক সমন্বয় সভার উপস্থিত কর্মকর্তাদের উপস্থিতি তালিকা

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্র. নং | নাম | পদবি | বিভাগ/প্রকল্প | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১) | জনাব মোঃ আসাদ উল্লাহ | মহাব্যবস্থাপক (প্রশাসন) | প্রশাসন বিভাগ | |
| ২) | জনাব মুহাম্মদ হাসানুজ্জামান সিকদার | প্রকল্প পরিচালক (শ্রীকাইল গ্যাসক্ষেত্রের জন্য ওয়েলহেড কম্প্রেসর ক্রয় এবং স্থাপন প্রকল্প) | ওয়েল সার্ভিসেস বিভাগ | |
| ৩) | জনাব গাজী মোঃ মাহবুবুল হক | মহাব্যবস্থাপক (খনন) | খনন বিভাগ | ২৭/০৪/২০২৬ |
| ৪) | জনাব মোঃ শাহজাহান | মহাব্যবস্থাপক (প্রকৌশল) | প্রকৌশল বিভাগ | |
| ৫) | জনাব মোহাম্মদ আহসানুল আমিন | মহাব্যবস্থাপক (উৎপাদন) | উৎপাদন বিভাগ | |
| ৬) | জনাব এস এম কামরুজ্জামান | মহাব্যবস্থাপক (নির্মাণ) | নির্মাণ বিভাগ | |
| ৭) | জনাব মেহেরুল হাসান | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) | প্লানিং এন্ড আইসিটি বিভাগ | |
| ৮) | জনাব শামসিয়া মুকতাদির | মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (পরীক্ষাগার)-অ.দা. | ভূতাত্ত্বিক বিভাগ | |
| ৯) | জনাব মোঃ মঞ্জুরুল হক | মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব | কোম্পানি সচিবালয় | |
| ১০) | জনাব মোহাম্মদ জসিম উদ্দিন হায়দার | মহাব্যবস্থাপক (আঞ্চলিক কার্যালয়) | আঞ্চলিক কার্যালয়, বাপেক্স, চট্টগ্রাম | |
| ১১) | জনাব শফিকুল ইসলাম | মহাব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট) | রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ | |
| ১২) | জনাব মোহাম্মদ মঈনুল হোসেন | বিভাগীয় প্রধান (ভূপদার্থ) | ভূপদার্থিক বিভাগ | |
| ১৩) | জনাব মোঃ নূর হোসেন (মোহাম্মদ নূর হোসেন) | মহাব্যবস্থাপক-চলতি দায়িত্ব (হিসাব ও অর্থ) | হিসাব ও অর্থ বিভাগ | |
| ১৪) | জনাব শ্যামল কুমার বালো | বিভাগীয় প্রধান (ওয়েল সার্ভিসেস) | ওয়েল সার্ভিসেস বিভাগ | 27.04.2026 |
| ১৫) | জনাব মোঃ আব্দুল হালিম | প্রকল্প পরিচালক (২ডি সাইসমিক ওভার এক্সপ্লোরেশন ব্লক ৬বি সাউথ এন্ড ১০ প্রকল্প) | ভূপদার্থিক বিভাগ | |
| ১৬) | জনাব মোঃ মোজ্জামেল হক | প্রকল্প পরিচালক, ২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা। | খনন বিভাগ | |

| ক্র. নং | নাম | পদবি | বিভাগ/প্রকল্প | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৭) | প্রকৌঃ শাহ মোঃ সিরাজুস সালেকিন | প্রকল্প পরিচালক (ভোলা নর্থ গ্যাসক্ষেত্রের জন্য ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প) | উৎপাদন বিভাগ | S.M.S Salekin |
| ১৮) | জনাব মোঃ রফিকুল ইসলাম | প্রকল্প পরিচালক (২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৭ ও ৯ প্রকল্প) | ভূপার্থিক বিভাগ | [illegible] 29/08/25 |
| ১৯) | জনাব স. আ. ম. মেরাজুল আলম | উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, ৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১ ও মোবারকপুর ডিপ-১ এবং ফেঞ্চুগঞ্জ সাউথ-১) কূপ খনন প্রকল্প | ভূতাত্ত্বিক বিভাগ | [illegible] 29/8/25 |
| ২০) | জনাব তারিকুল ইসলাম | প্রকল্প ব্যবস্থাপক, "হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩ডি সাইসমিক জরিপ" প্রকল্প | ভূপদার্থিক বিভাগ | [illegible] 29/08/26 |
| ২১) | জনাব মোঃ আনিসুর রহমান সোহেল | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক "২০০০ হর্স পাওয়ার রিগ ক্রয় প্রকল্প | প্রকৌশল বিভাগ | Anis 29/08/2026 |
| ২২) | জনাব মোহাম্মদ মোজাম্মেল হক | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক, ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (বেগমগঞ্জ-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (বেগমগঞ্জ-৬ ও সুনেত্র-২) খনন প্রকল্প | ওয়েল সার্ভিসেস বিভাগ | [illegible] 29/08/25 |
| ২৩) | জনাব মোঃ শাহরিয়ার বারী | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক, ১টি মূল্যায়ন কূপ (জকিগঞ্জ-২) ও ১টি অনুসন্ধান কূপ (জকিগঞ্জ-৩) খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা | প্রকৌশল বিভাগ | [illegible] 27.04.26 |
| ২৪) | জনাব মোহাম্মদ মোজাম্মেল হক সরকার | প্রকল্প ব্যবস্থাপক, ৫টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর ৯, ১০ এবং ভোলা নর্থ-৫,৬,৭) প্রকল্প, বাপেক্স | ওয়েল সার্ভিসেস বিভাগ | [illegible] 29/8/26 |
| ২৫) | জনাব মোহাম্মদ আসিফ ইকরাম খান | প্রকল্প ব্যবস্থাপক, ১টি মূল্যায়ন কূপ (সেমুতাং-৭) এবং ২টি অনুসন্ধান কূপ (বেগমগঞ্জ-৭ ও চরলক্ষ্যা-১) প্রকল্প, বাপেক্স | প্লানিং এন্ড আইসিটি বিভাগ | [illegible] 29/08/26 |
| ২৬) | প্রকৌঃ মোহম্মদ শেফাউল ইসলাম | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক, "১০০০ হর্স পাওয়ার ওয়ার্কওভার রিগ ক্রয় প্রকল্প, বাপেক্স | প্রকৌশল বিভাগ | [illegible] 27.04.26 |
| ২৭) | ড. কাজী ফায়েজ আলম | প্রকল্প ব্যবস্থাপক, "জামালপুর-২ মূল্যায়ন কূপ ও জামালপুর নর্থ-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স | ভূতাত্ত্বিক বিভাগ | [illegible] 27.04.2026 |
| ২৮) | জনাব মোঃ হাসান লতিফ | প্রকল্প ব্যবস্থাপক, "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন এরিয়া" প্রকল্প, বাপেক্স, ঢাকা। | ভূপদার্থিক বিভাগ | [illegible] 29/8/25 |

| ক্র. নং | নাম | পদবি | বিভাগ/প্রকল্প | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৯) | ডাঃ রিফাত শরমিন | উপমহাব্যবস্থাপক (চিকিৎসা) | চিকিৎসা উপবিভাগ | |
| ৩০) | জনাব মিয়া মোঃ রওশোনুজ্জামান | উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) | প্রশাসন বিভাগ | |
| ৩১) | জনাব কাজী মাহবুবুল আলম | উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) | সংস্থাপন উপবিভাগ | |
| ৩২) | জনাব এস. এম. সোনা উল্লাহ | উপমহাব্যবস্থাপক (অর্থ) | হিসাব ও অর্থ বিভাগ | |
| ৩৩) | জনাব মোঃ আবুল মিল্লাত | উপমহাব্যবস্থাপক (রেভিনিউ) | হিসাব ও অর্থ বিভাগ | |
| ৩৪) | জনাব মুহাম্মদ হুমায়ুন কবির খান | উপমহাব্যবস্থাপক (হিসাব) | হিসাব ও অর্থ বিভাগ | |
| ৩৫) | জনাব মোঃ আব্দুর রউফ | উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) | পরিকল্পনা উপবিভাগ | |
| ৩৬) | জনাব ওয়াহিদ মিয়া | উপমহাব্যবস্থাপক (পেট্রোফিজিক্যাল) | পরীক্ষাগার বিভাগ | |
| ৩৭) | জনাব মহিউদ্দিন আহাম্মদ | উপমহাব্যবস্থাপক (জিওকেমিক্যাল) | পরীক্ষাগার বিভাগ | |
| ৩৮) | জনাব মোঃ তোফায়েল উদ্দিন সিকদার | উপমহাব্যবস্থাপক (ওয়েল সিমেন্টেশন) | ওয়েল সার্ভিসেস বিভাগ | |
| ৩৯) | জনাব মোহাম্মদ কামরুজ্জামান | উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) | বৈদেশিক ক্রয় উপবিভাগ | |
| ৪০) | জনাব মুহম্মদ জহিরুল ইসলাম | উপমহাব্যবস্থাক (সেবা) | সেবা উপবিভাগ | |
| ৪১) | জনাব মোঃ শহিদুল ইসলাম | উপমহাব্যবস্থাপক (এইচআরএম) | এইচআরএম উপবিভাগ | |
| ৪২) | জনাব রমেশ চন্দ্র মিস্ত্রী | উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) | স্থানীয় ক্রয় উপবিভাগ | |
| ৪৩) | জনাব মোহাম্মদ মনিরুজ্জামান | উপমহাব্যবস্থাপক (ম্যাটেরিয়াল প্রোগ্রামিং এন্ড সিএমটিডব্লিউ) | প্রকৌশল বিভাগ | |
| ৪৪) | জনাব আবু হাসান মোঃ খায়রুজ্জামান | উপমহাব্যবস্থাপক (ল'এন্ড পিএ) | কোম্পানি সচিবালয় | |
| ৪৫) | জনাব মোঃ সাইফুদ্দিন | উপমহাব্যবস্থাপক (ভান্ডার) | ভান্ডার উপবিভাগ | |
| ৪৬) | জনাব জেবুন নাহার | উপমহাব্যবস্থাপক (অনুসন্ধান) | ভূতাত্ত্বিক বিভাগ | |
| ৪৭) | ড. মোঃ আশিক হোসেন | উপমহাব্যবস্থাপক (ফরমেশন এন্ড ইভালুয়েশন) | ভূতাত্ত্বিক বিভাগ | |
| ৪৮) | জনাব মোঃ মশিউর রহমান | উপমহাব্যবস্থাপক (বেসিন স্টাডি) | ভূতাত্ত্বিক বিভাগ | |
| ৪৯) | মোছাঃ শাহনাজ হোসেন | উপমহাব্যবস্থাপক (জিএন্ডজি এক্সপ্লোরেশন) | রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ | |
| ৫০) | ডঃ মোঃ আব্দুস ছালাম | উপমহাব্যবস্থাপক (এইচএসই) | এইচএসই উপবিভাগ | |
| ৫১) | জনাব মোহাম্মদ সিরাজুল ইসলাম | উপমহাব্যবস্থাপক (আইসিটি ও এমআইএস) | প্লানিং এন্ড আইসিটি বিভাগ | |

| ক্র. নং | নাম | পদবি | বিভাগ/প্রকল্প | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৫২) | জনাব মোঃ শাহিনুর রহমান ফরাজী | উপমহাব্যবস্থাপক (পূর্ত নির্মাণ ও রক্ষণাবেক্ষণ) | নির্মাণ বিভাগ | |
| ৫৩) | জনাব তারেক আহমদ | উপমহাব্যবস্থাপক (প্লানিং, ডিজাইন এন্ড ল্যান্ড একুইজিশন) | নির্মাণ বিভাগ | |
| ৫৪) | জনাব মোঃ মহসিনুল আলম | ড্রিলিং সুপারিনটেনটেন্ড | খনন বিভাগ | |
| ৫৫) | জনাব মোঃ আনিছুর রহমান | ড্রিলিং সুপারিনটেনটেন্ড | খনন বিভাগ | |
| ৫৬) | জনাব এস. এম. সবুর জামিল ভূঁঞা | উপমহাব্যবস্থাপক (ইলেক্ট্রনিক্স) | ভূপদার্থিক বিভাগ | |
| ৫৭) | জনাব মোহাম্মদ মনিরুল ইসলাম | উপমহাব্যবস্থাপক (বোর্ড) | কোম্পানি সচিবালয় | |
| ৫৮) | জনাব এস. এম. মেহেবুবুর রহমান | উপমহাব্যবস্থাপক | কোম্পানি সচিবালয় | |
| ৫৯) | জনাব মোঃ আশরাফুল আলম | উপমহাব্যবস্থাপক (রিগ বিল্ডিং) | প্রকৌশল বিভাগ | |
| ৬০) | জনাব মোঃ বায়েজিদ হোসেন | উপমহাব্যবস্থাপক (উৎপাদন) | উৎপাদন বিভাগ | |
| ৬১) | জনাব মোঃ ওমর পারভেজ | উপমহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব) | নিরীক্ষা উপবিভাগ | |
| ৬২) | জনাব মোহাম্মদ নাসিরুল ইসলাম | ব্যবস্থাপক (সমন্বয়) | ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর | |
| ৬৩) | অর্পণ জ্যোতি ত্রিপুরা | সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) | কোম্পানি সচিবালয় | |

৬৪) [illegible] DGM (R&D)